গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ও গণযোগাযোগ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

নম্বর: ১৫.০০.০০০০.০২৬.১১.০০৩.২৫-৩৩

তারিখ: ১৫ মাঘ ১৪৩২
২৯ জানুয়ারি ২০২৬

# বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ হাইকমিশন, ইসলামাবাদ, পাকিস্তান মিশনে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন প্রেস উইং-এ কাউন্সেলর (প্রেস) পদে কর্মকর্তা নিয়োগ।

বাংলাদেশ হাইকমিশন, ইসলামাবাদ, পাকিস্তান মিশনে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন প্রেস উইং-এ কাউন্সেলর (প্রেস) পদে কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে বাংলাদেশ সিভিল সার্ভিসের (বিসিএস) ক্যাডারভুক্ত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণের নিকট হতে সংযুক্ত "জীবন-বৃত্তান্ত ছক" অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (কর্তৃপক্ষের অগ্রায়নসহ) নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম | দূতাবাস/হাইকমিশন/মিশন | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | কাউন্সেলর (প্রেস) | ইসলামাবাদ- পাকিস্তান | ০১ (এক) টি | জাতীয় বেতনস্কেল ২০১৫-এর ৫ম গ্রেড প্রাপ্ত এবং ন্যূনতম ১০ (দশ) বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের (বিসিএস) কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলি:**

ক। বাংলাদেশ সিভিল সার্ভিসে কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে "জীবন বৃত্তান্ত ছক" (সংযোজনী-১) পূরণপূর্বক ০৬ (ছয়) সেট (হার্ডকপি) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসমূহের সত্যায়িত ছায়ালিপি ও ০২ (দুই) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবিসহ সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: উপসচিব (তগ-২) বরাবর আবেদন করতে হবে।

খ। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর অথবা যথাযথ কর্তৃপক্ষের দাপ্তরিক অগ্রায়ন ব্যতীত সরাসরি প্রাপ্ত কোনো আবেদনপত্র বিবেচিত হবে না এবং ভুল বা অসম্পূর্ণ তথ্য সংবলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

গ। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এই আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ০৪ (চার) বছরের কম তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

ঘ। যে সকল কর্মকর্তা ইতঃপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকুরি করেছেন, তাঁরা চাকুরি শেষে দেশে প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে আবেদন করতে পারবেন না।

ঙ। ১ জানুয়ারি, ১৯৯২ তারিখের পর জন্মগ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাঁদের আবেদন বিবেচনাযোগ্য হবে না। আবেদনপত্রে অবশ্যই সন্তান সংখ্যা, নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে।

চ। শিক্ষাগত যোগ্যতার ফলাফলে জিপিএ উল্লেখ থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রূপান্তরিত ডিভিশন/শ্রেণি দাখিল করতে হবে।

ছ। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রির সনদ আবেদনপত্রের সঙ্গে দাখিল করলে উক্ত ডিগ্রির সমতা সংক্রান্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি)-এর প্রত্যয়নপত্র আবেদনের সঙ্গে দাখিল করতে হবে।

জ। গণমাধ্যম ও গণসংযোগের কাজে অভিজ্ঞতা এবং ইংরেজি ভাষায় স্বাধীনভাবে যে কোনো বিষয়ে লেখা ও বলার উপর ব্যুৎপত্তিসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

ঝ। এ নিয়োগে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট পরিপত্রসমূহের নির্দেশনাবলি অনুসরণ করা হবে।

ঞ। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোনো অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০২। আবেদনকারীকে পূরণকৃত "জীবন বৃত্তান্ত ছক"-এর সফটকপি মাইক্রোসফট ওয়ার্ড-এ 'নিকস' ফন্টে ই-মেইলে (masscom2@moi.gov.bd) প্রেরণের অনুরোধ করা হলো।

সংযুক্তি: জীবন-বৃত্তান্ত ছক ০১ (এক) পাতা।

২৯.০১.২০২৬

মোঃ আলমগীর কবির
উপসচিব
ফোন: ২২৩৩৫৬৬২০
Email: masscom2@moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০২৬.১১.০০৩.২৫-৩৩

তারিখ: ১৫ মাঘ ১৪৩২
২৯ জানুয়ারি ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা;
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণ এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৩। সিনিয়র সচিব/সচিব-----------------------------------------------------------------------মন্ত্রণালয়/বিভাগ (সকল), ঢাকা (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণ এবং অধীনস্থ দপ্তর/সংস্থা ও মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৪। মান্যবর হাইকমিশনার, বাংলাদেশ হাইকমিশন, ইসলামাবাদ, পাকিস্তান;
০৫। বিভাগীয় কমিশনার (সকল), ..........................................................................(তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ);
০৬। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল), ------------------------------------------------------------------- (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণ এবং দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৭। জেলা প্রশাসক (সকল), ....................................................................................(তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ);
০৮। উপদেষ্টার একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
০৯। সিনিয়র সহকারী সচিব/উপসচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০। সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১। সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
১২। অফিস কপি;
১৩। মাস্টার কপি।

২৯.০১.২০২৬

মোঃ আলমগীর কবির
উপসচিব

**সংযোজনী-১**

**'জীবন বৃত্তান্ত ছক'**

| |
|---|
| পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি সংযোজন |

১। নাম ও পরিচিত নম্বর (যদি থাকে) :

২। বর্তমান আবাসিক ঠিকানা :

৩। স্থায়ী ঠিকানা :

৪। জন্ম তারিখ ও আবেদনের শেষ তারিখে প্রার্থীর বয়স :

৫। পদবি ও বর্তমান কর্মস্থল :

৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ :

৭। বর্তমান গ্রেড ও বেতন স্কেল :
(৫ম গ্রেড প্রাপ্তির প্রমাণক সংযুক্ত করতে হবে)

৮। প্রথম শ্রেণির চাকুরিতে যোগদানের তারিখ :

৯। ক্যাডারের নামসহ ক্যাডারে যোগদানের :
তারিখ এবং ক্যাডারে চাকুরিকালের সঠিক মেয়াদ
(আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ পর্যন্ত)

১০। ইতঃপূর্বে যে সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে কাজ করেছেন তার মেয়াদসহ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণ:

| পদের নাম | অফিস | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | কর্মকাল | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

১১। শিক্ষাগত যোগ্যতা (এসএসসি হতে স্নাতকোত্তর পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণি/বিভাগ উল্লেখ করতে হবে):

| ডিগ্রির নাম | প্রতিষ্ঠানের নাম | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | অর্জিত শ্রেণি/বিভাগ/সিজিপিএ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

১২। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ:

| প্রশিক্ষণ | প্রশিক্ষণের স্থান (ইনস্টিটিউশনের নামসহ) | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণের বিষয় | বিদেশের ক্ষেত্রে প্রশিক্ষণ গ্রহণের দেশের নাম |
|---|---|---|---|---|
| (ক) স্থানীয় | | | | |
| (খ) বিদেশি | | | | |

১৩। বাংলা ও ইংরেজি ব্যতীত অন্যান্য ভাষায় দক্ষতা :
(সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে)

১৪। বিদেশে পূর্বতন পোস্টিং (যদি থাকে) :

১৫। বৈবাহিক অবস্থা :

১৬। সন্তান সংখ্যা (প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে) :

| ক্রম | সন্তানের নাম | জন্ম তারিখ |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |

১৭। প্রার্থিত পদ ও মিশনের নাম :

১৮। অন্যান্য বিষয়াদি (যদি থাকে) :
(পৃথক কাগজে আবেদনকারীর স্বাক্ষরহ অতিরিক্ত তথ্য সংযোজন করা যাবে)

আবেদনকারীর 'স্বাক্ষর ও সিল'
তারিখ:
ফোন (অফিস):
ফোন (বাসা):
মোবাইল:
ই-মেইল: